Mymensingh College of Physiotherapy & Health Sciences
ময়মনসিংহ কলেজ অব ফিজিওথেরাপি এন্ড হেলথ সায়েন্সেস
*(An academic institute of Bela Health and Education Foundation, & Affiliated to the Faculty of Medicine of the University of Dhaka)*
*Maskanda, Sadar, Mymensingh*

# ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত এবং একই বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের অধীনে** একাডেমিক ৪ বছর ও ১ বছর বাধ্যতামূলক ইন্টার্নশীপসহ মোট **৫ বছর মেয়াদী** নিম্নে বর্ণিত কোর্স সমূহ, এবং অনুমোদিত আসন সংখ্যার বিপরীতে ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

- **ব্যাচেলর অব সায়েন্স ইন ফিজিওথেরাপি- ৩০**
- **ব্যাচেলর অব সায়েন্স ইন অকুপেশনাল থেরাপি- ৩০**
- **ব্যাচেলর অব সায়েন্স ইন স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি- ৩০**

## ভর্তির জন্য আবেদনের যোগ্যতা:

জীববিজ্ঞান, পদার্থবিজ্ঞান ও রসায়নসহ মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৭.০০ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পৃথক পৃথক ভাবে জিপিএ ৩.০০ থাকতে হবে। আবেদনকারীকে ২০২২ অথবা ২০২৩ সালে মাধ্যমিক/সমমান পরীক্ষায়, এবং ২০২৪ অথবা ২০২৫ সালে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে, এবং প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

## আবেদন করার নিয়ামাবলী:

**ময়মনসিংহ কলেজ অব ফিজিওথেরাপি এন্ড হেলথ্ সায়েন্সেস**'র ওয়েবসাইট www.mcphs.edu.bd অথবা সরাসরি এই লিংক এর মাধ্যমে https://belaedubd.com/Online_Admission.html অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য আবেদনকারীকে তার সদ্যতোলা ৩০০x৩০০px সাইজের ছবি সংযুক্ত করতে হবে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করার পর আবেদন ফরমে একটি Student ID আসবে, এবং উক্ত Student ID টি ভর্তির প্রবেশপত্র Download করার জন্য সংরক্ষণ করতে হবে।

আবেদন ফি বাবদ ১০৫০ (এক হাজার পঞ্চাশ) টাকা অনলাইন পেমেন্ট (পেমেন্টের বিস্তারিত নির্দেশনা ওয়েবসাইটে দেয়া আছে) করে আবেদন ফরমটি সাবমিট করতে হবে। পরবর্তীতে Admit Card download করার জন্য আপনার মোবাইলে একটি SMS যাবে, এবং কলেজের নির্ধারিত website এ গিয়ে Student ID submit করে Admit Card download করতে হবে। অনলাইনে আবেদনের বিস্তারিত তথ্য ও নির্দেশনা www.mcphs.edu.bd ওয়েবসাইটে দেয়া আছে।

**(অসম্পূর্ণ আবেদন/কোন তথ্য ভুল/মিথ্যা প্রমানিত হলে আবেদনপত্র/ভর্তি বাতিল বলে গণ্য হবে।)**

## ভর্তি পরীক্ষা পদ্ধতি:

ক) মোট ২০০ নম্বরের মধ্যে ফলাফল প্রস্তুত করা হবে। এসএসসি এবং এইচএসসি এর ফলাফলের জন্য= ১০০ নম্বর (এসএসসি= ৪০% এবং এইচএসসি= ৬০%)।

খ) লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) = ১০০ নম্বর।

| | |
|---|---|
| লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক মানবন্টন: | **পদার্থবিজ্ঞান= ২৫, রসায়ন= ২৫, জীববিজ্ঞান= ২৫, ইংরেজী= ১৫, এবং সাধারণ জ্ঞান= ১০।** |
| **অনলাইনে আবেদনের শেষ তারিখ:** | **বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ৩১/১২/২০২৫ইং (বিকেল ৫:০০ টার মধ্যে)** |
| **ভর্তি পরীক্ষা ও স্বাস্থ্যগত পরীক্ষার সময়সূচী এবং স্থান:** | ০২/০১/২০২৬ ইং তারিখ শুক্রবার, সকাল ১০:০০ ঘটিকা, এমসিপিএইচএস কলেজ ক্যাম্পাস, মাসকান্দা (নতুন বাজার), ময়মনসিংহ। |
| **ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ:** | ০৪/০১/২০২৬ ইং তারিখ, কলেজের ওয়েবসাইটে প্রকাশিত হবে। |

প্রয়োজনে মোবাইল নম্বর সমূহ: ০১৩২১-২১৩১৭৭, ০১৩২১-২১৩১৭৮।

(অথবা প্রয়োজনে সরাসরি প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে সন্ধ্যা ০৬.০০ টা পর্যন্ত প্রতিষ্ঠানের অফিস {শুক্রবার এবং সরকারি ছুটির দিন সহ}/নির্ধারিত ভর্তি তথ্য কেন্দ্র [বেলা হেলথ এন্ড এডুকেশন ফাউন্ডেশন, বাড়ি# ৫, রোড# ১, সেক্টর# ৬, উত্তরা, ঢাকা] হতে ভর্তি সংক্রান্ত সকল তথ্য ও আবেদনপত্র সংগ্রহ করা যাবে)

**বি. দ্র.: ভর্তি সংক্রান্ত যেকোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

R.Akter

**সহকারী অধ্যাপক ডাঃ রোকসানা আক্তার, পিটি**
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ময়মনসিংহ কলেজ অব ফিজিওথেরাপি এণ্ড হেলথ সায়েন্সেস (এমসিপিএইচএস)
২৬/এ, মাসকান্দা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।